


বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত
“নাগরিক সেবায় উত্তীর্ণ”
বিষয়ক দুইদিন ব্যাচ্চী প্রশিক্ষণ কোর্স, ২-৩ নভেম্বর ২০২০
এর প্রতিবেদন

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের বার্ষিক উত্তীর্ণ কর্মপরিকল্পনা ২০২০-২১ এর অন্তর্ভুক্ত ৪.২ নং কার্যক্রমের আলোকে “নাগরিক সেবায় উত্তীর্ণ” বিষয়ক ০২ (দুই) দিনের একটি প্রশিক্ষণ কোর্স গত ২-৩ নভেম্বর ২০২০ খ্রি. তারিখে বাপশনিক এ আয়োজন করা হয়। বাপশনিক এর চেয়ারম্যান প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক উক্ত প্রশিক্ষণ কোর্স এর উদ্বোধন করেন। প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে এটুআই এর ফ্যাসিলিটেটর জনাব অমিতাভ চক্রবর্তি, উপ-সচিব, মৎস ও প্রাণী সম্পদ মন্ত্রণালয় উপস্থিত ছিলেন। এছাড়া বাপশনিক এর সদস্যগণ এবং বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে চেয়ারম্যান মহোদয় বাপশনিক এর বিভিন্ন নাগরিক সেবা প্রদানের ক্ষেত্রে এই প্রশিক্ষণ কোর্স হতে আরো উদ্বাবনী ধারণা সৃজনের মাধ্যমে সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণের জন্য সকলকে উদ্বৃদ্ধ করে প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন ঘোষনা করেন।



S. Shil

দুইদিন ব্যাপী অনুষ্ঠিত এই প্রশিক্ষণ কোর্সে বাপশনিক এর বিভিন্ন বিভাগ হতে ১৫ জন কর্মকর্তা প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন। বাপশনিক এর সেবাদান প্রক্রিয়ার উপর উত্তাবনী ধারণা সৃজন ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে ১৫ জন প্রশিক্ষণার্থীকে ২ টি গুপ্ত বিভক্ত করা হয়। উক্ত গুপ্ত ২ টি ২দিনের দলীয় কাজ সম্পাদনের মাধ্যমে ২ টি উত্তাবনী ধারণা সৃজন ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করতে সক্ষম হয়। উত্তাবনী ধারণা ২ টির শিরোনামঃ

১. ই-পারমিট প্রদান,
২. দুত বিল পরিশোধ,

প্রশিক্ষণ শেষে পর্যালোচনা ও সমাপণী অনুষ্ঠানে ২ টি গুপ্ত হতে উক্ত ধারণা উপস্থাপন করা হয় এবং চেয়ারম্যান মহোদয় ও উপস্থিত সদস্য মহোদয়গণ এই বিষয়ে তাদের মতামত ব্যক্ত করেন। পরবর্তীতে চেয়ারম্যান মহোদয় প্রস্তাবিত ধারণাসমূহ বাস্তবায়ন এবং এধরণের প্রশিক্ষণ কোর্স ভবিষ্যতে আরো চলমান রাখার আহবান জানিয়ে প্রশিক্ষণের সমাপ্তি ঘোষনা করেন।

Somashil
08.11.2020
(সোমা শীল)

উর্ধ্বাতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও

সদস্য, ইনোভেশন টিম

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-মেইলঃ soma@baera.gov.bd